গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কোম্পানীগঞ্জ, নোয়াখালী

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

## খেয়া ঘাট ইজারা বিজ্ঞপ্তি

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলাধীন চর লেংটা খেয়া ঘাট ১৪২৯ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র মেয়াদে ১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত পেশাদার পাটনীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। খেয়া ঘাটের ইউনিয়নের নাম, ইজারার জন্য সরকারি মূল্য এবং সিডিউল মূল্য নিম্নরূপ ঃ

| ক্রমং | ইউনিয়নের নাম | খেয়া ঘাটের নাম | দরপত্র মূল্য | ইজারার জন্য সরকারি মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ৮নং চরএলাহী ইউনিয়ন | চরলেংটা খেয়া ঘাট | ৩৩০০/- | ১৩,২০,০০০/- |

০২। সিডিউল প্রাপ্তির স্থান ঃ উপজেলা ভূমি অফিস, কোম্পানীগঞ্জ থানা ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
০৩। সিডিউল দাখিল/ জমা দেওয়ার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
০৪। সিডিউল ক্রয়, দাখিল ও খোলার সময় নিম্নরূপ ঃ

| বার | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় ( ছুটির দিন ব্যতীত) | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ, সময় ও স্থান |
|---|---|---|---|
| ১ম বার | ২০-০৩-২০২২ খ্রিঃ সকাল ৯:০০ হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত | ২১-০৩-২০২২ খ্রি (সকাল ৯টা হতে দুপুর ১টা পর্যন্ত) | ২১-০৩-২০২২ খ্রিঃ, বিকাল ৪:০০ ঘটিকা (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ) |
| ২য় বার | ৩১-০৩-২০২২ খ্রিঃ সকাল ৯:০০ হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত | ০৩-০৪-২০২২ খ্রিঃ (সকাল ৯টা হতে দুপুর ১টা পর্যন্ত) | ০৩-০৪-২০২২ খ্রি, বিকাল ৪:০০ ঘটিকা (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ) |
| ৩য় বার | ১২-০৪-২০২২ খ্রিঃ সকাল ৯:০০ হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত | ১৩-০৪-২০২২ খ্রি (সকাল ৯টা হতে দুপুর ১ টা পর্যন্ত) | ১৩-০৪-২০২২ খ্রিঃ, বিকাল ৪:০০ ঘটিকা (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ) |

**শর্তাবলী ঃ**

১। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ২৫% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে। উক্ত টাকা ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।
২। যার দরপত্র কর্তৃক গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে ইজারাদারকে দাখিলকৃতদরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট ( মূল্য সংযোজন কর) টাকা পরিশোধ করতে হবে।
৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে।
৪। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও খেয়া ঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৫। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে ঘাটের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।
৬। ইজারাদার কোনক্রমেই খেয়া ঘাট অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে।
৭। ইজারার সমস্ত অর্থ (ভ্যাটসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
৮। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে লটারীর মাধ্যমে সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
৯। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
১০। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১১। পেশাদার পাটনীদের ইজারা প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
১২। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
১৩। দরপত্র বাক্স খোলার সময়ে ইজারাদাতাকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।
১৪। উপরোক্ত শর্তাবলীর কোনটির ব্যত্যয় ঘটলে বিধি মোতাবেক ইজারা বাতিল বা প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
১৬। হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভূত আয় বন্টন নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ জিয়াউল হক মীর
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী
ফোন ঃ ০৩২২৩-৫৬২০৪
E-mail: [illegible]

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.১৯.০০৫.২১- ২০৯০

তারিখ ঃ ১৮ ফাল্গুন ১৪২৮ / ০৩ মার্চ ২০২২।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। জেলা প্রশাসক, নোয়াখালী।

০২। পুলিশ সুপার, নোয়াখালী।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

০৪। মেয়র, বসুরহাট পৌরসভা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৫। জেলা তথ্য অফিসার, নোয়াখালী। বিষয়টি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

০৬। সহকারী কমিশনার (ভূমি), কোম্পানীগঞ্জ, নোয়াখালী - তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়ার জন্য এবং অধিনস্থ অফিসের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৭। উপজেলা -------------------------- কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী - তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

০৮। অফিসার ইন-চার্জ, কোম্পানীগঞ্জ থানা, কোম্পানীগঞ্জ নোয়াখালী- (ইজারার তারিখে প্রয়োজনীয় পুলিশ ফোর্স মোতায়েনের এর অনুরোধ করা হলো)।

০৯। সাব-রেজিষ্টার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

১০। পোষ্ট মাষ্টার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

১১। চেয়ারম্যান/ইউপি সচিব, ..........................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। তার ইউনিয়নের আওতাধীন বাজার সমূহে ঢোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচার ও নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পৌর ভূমি অফিস, বসুরহাট / চরকাঁকড়া/ মুছাপুর/ বমনী/ চরফকিরা ইউনিয়ন ভূমি অফিস, কোম্পানীগঞ্জ, নোয়াখালী - তার ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন বাজার সমূহে ঢোল সহরত ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারক্রমে জারীর প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৩। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক জাতীয় নিশান/দৈনিক আজ কালের খবর, ঢাকা/নোয়াখালী, । উপরোক্ত বিজ্ঞাপনটি আপনার পত্রিকায় আগামী ০৬.০৩.২০২২ খ্রি: তারিখ (১০ইঞ্চি×৬ ইঞ্চি সাইজে) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৪। জনাব ------------------------------------ ইজারাদার, ------------------------ বাজার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

০৩/০৩/২০২২

উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী